

# একটি ব্যবহৃত গাড়ি কিনতে আপনার আর্থিক সংস্থান জোগাড় করা

একটি ব্যবহৃত গাড়ি কেনা আপনার সবচেয়ে বড় আর্থিক দায়িত্বগুলির অন্যতম হতে পারে। ব্যবহৃত গাড়ির ডিলার ও আর্থিক সংস্থানের ক্ষেত্রে আপনার অধিকার সম্পর্কে জানুন।

## আপনার অধিকারসমূহ:

- 1** বিজ্ঞাপিত দামে একটি গাড়ি কেনা আপনার অধিকার। গাড়ির ডিলারদের তাদের ব্যবহৃত গাড়ির উপরে তাদের দাম প্রদর্শিত করা আবশ্যিক। একজন ব্যবহৃত গাড়ির ডিলার আপনাকে একটি গাড়ি তার বিজ্ঞাপিত, উদ্ধৃত বা টাঙানো দামের চেয়ে বেশি দামে বিক্রি করতে পারেন না।
- 2** কোন কিছুতে স্বাক্ষর করার আগে আপনার আর্থিক চুক্তিটির বিষয়ে বিস্তারিত জানার অধিকার আপনার আছে।
- 3** আপনার আর্থিক চুক্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ শর্তাবলী লিখিতভাবে পাওয়ার অধিকার আপনার আছে। যুক্তরাষ্ট্রীয় আইন অনুযায়ী আপনার কিছু লিখিতভাবে প্রকাশিত শর্তাবলী পাওয়া প্রয়োজন, যেমন, আপনার বার্ষিক শতকরা হার (APR), যে পরিমাণ মূলধন আপনি জোগান দিতে রাজি হয়েছেন এবং মূলধন জোগান দেওয়ার চুক্তির শর্তাবলী সম্পূর্ণ পূরণ করতে আপনাকে মোট কী পরিমাণ অর্থ দিতে হবে।
- 4** গাড়ির ডিলারের ব্যবস্থা করা আর্থিক জোগান বা ঋণ নিতে অস্বীকার করার অধিকার আপনার আছে। আপনি নগদ অর্থ প্রদান করতে পারেন অথবা অন্য কোন ঋণদাতার থেকে মূলধন চাইতে পারেন।
- 5** কোনো বৈষম্য ছাড়াই ঋণ পাওয়ার অধিকার আপনার আছে। জাতি, বর্ণ, ধর্ম, মাতৃভূমি, লিঙ্গ, বৈবাহিক অবস্থা, বয়স অথবা সরকারি সহায়তার ব্যবহারের ভিত্তিতে ঋণদানে বৈষম্য করায়ুক্তরাষ্ট্রীয় আইন অনুযায়ী বেআইনি।

## ব্যবহৃত গাড়ির ডিলারদের যা করা আবশ্যিক:

- 1** কাজ করতে পারার জন্য ডিপার্টমেন্ট অব কনজিউমার অ্যাফেয়ার্স (DCA)-এর একটি লাইসেন্স থাকা। ডিলারকে এই DCA লাইসেন্সটি এমন জায়গায় টাঙাতে হবে যাতে আপনি তা দেখতে পান। আপনি ডিলারের লাইসেন্স-এর অবস্থা ও অভিযোগের ইতিহাস পরীক্ষা করতে 311 নম্বরে ফোন করে DCA-তে এর সঙ্গে কথা বলতে পারেন।
- 2** বিক্রির জন্য অর্পিত প্রত্যেক ব্যবহৃত গাড়ির মোট বিক্রয়মূল্য টাঙানো।
- 3** বিক্রির জন্য অর্পিত প্রত্যেক ব্যবহৃত গাড়ির জন্য একটি করে ফেডারেল ট্রেড কমিশন (FTC)-এর ক্রেতা নির্দেশিকা টাঙানো।
- 4** যেখানে কেনাবেচা হবে সেই দপ্তরে একটি অর্থ ফেরতের নীতি টাঙানো।
- 5** বিক্রয়, ক্রয় ও অর্থ জমার রেকর্ড বজায় রাখা।
- 6** প্রত্যেকটি গাড়ি বিক্রির সময় নিরাপদ অবস্থায় আছে এবং বিক্রির সময় কোন ক্রটি থেকে থাকলে তা মেরামত করে দিতে রাজি এই মর্মে প্রত্যয়িত করা।

গুরুত্বপূর্ণ পরামর্শ পিছনে দেওয়া আছে >

## গুরুত্বপূর্ণ পরামর্শ

### আপনি কোনো ডিলারের কাছে যাওয়ার আগে:

আপনি বিনামূল্যে একক পেশাদারী আর্থিক পরামর্শ পেতে পারেন। 311 নম্বরে ফোন করুন ও কোন আর্থিক পরামর্শদাতার সঙ্গে সাক্ষাৎ স্থির করুন, যিনি আপনাকে আপনার গাড়ি কেনার বাজেট তৈরি করতে সাহায্য করতে পারেন।

আপনি বিনামূল্যে আপনার ক্রেডিট রিপোর্ট [annualcreditreport.com](http://annualcreditreport.com)-এ পরীক্ষা করে নিতে পারেন। ন্যায্য ক্রেডিট রিপোর্টিং আইন-এর অধীনে আপনি সারাদেশে ছড়িয়ে থাকা রিপোর্টিং কোম্পানির (Equifax, Experian, TransUnion) থেকে বিনামূল্যে একটি রিপোর্ট বছরে একবার পেতে পারেন। খুশি করার ক্ষেত্রে আপনার ক্রেডিট রিপোর্টে কী রয়েছে তা জানা জরুরি।

### আপনার স্বাক্ষর করার আগে:

আপনার নিজেকে ও গাড়ির ডিলারকে জিজ্ঞাসা করার মতো কয়েকটি প্রশ্ন:

- “আমি কি যথেষ্ট কেনাকাটা করেছি? এটাই কি আমার সেরা গাড়ি ও প্রস্তাব যা আমি পেতে পারি?”
- “ঋণের সময়কাল জুড়ে আমাকে আমার গাড়ির জন্য মোট কী পরিমাণ অর্থ ব্যয় করতে হবে?”
- “আমি কি অর্থায়ন চুক্তির সবকটি শর্ত বুঝতে পেরেছি?”
- “সরাসরি গাড়িটা কিনে নেওয়ার বদলে অর্থায়নের জন্য আমি অতিরিক্ত কত ব্যয় করছি?”

### আপনি ডিলারের কাছে যাওয়ার পরে:

আপনার অভিবাসন স্থিতি নির্বিশেষে আপনি সিটি-এর কাছে অভিযোগ দায়ের করতে পারেন। আপনার যদি মনে হয় যে আপনি গাড়ির মূল্যের অনেক বেশি ব্যয় করেছেন অথবা ব্যবহৃত গাড়ির ডিলার আপনার অবস্থার সুযোগ নিয়েছেন, আপনি DCA-এর কাছে [nyc.gov/dca](http://nyc.gov/dca)-তে একটি অভিযোগ দায়ের করতে পারেন অথবা 311 নম্বরে যোগাযোগ করতে পারেন।

### নতুন গাড়ি কিনছেন?

ফেডারেল ট্রেড কমিশন ও নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেল-এর কাছে আপনার সাহায্যের তথ্য রয়েছে।

ফেডারেল ট্রেড কমিশন  
[consumer.ftc.gov](http://consumer.ftc.gov)  
202-326-2222

নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেল  
[ag.ny.gov](http://ag.ny.gov)  
800-771-7755